



জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮১৫৪

ফোন: ০৪১-৬১১১১-১৬২৫(৫খ) ফ্যাক্স: ০১৯১১-৬০১৯০৭ E-mail: buuniversity.prof@gmail.com, Web: www.bu.ac.bd



প্রেস নিউজ

বরিশাল বিশ্ববিদ্যালয়ে সরস্বতী পূজা উদযাপিত

বরিশাল বিশ্ববিদ্যালয়, ১৬ ফেব্রুয়ারি ২০২১

শিক্ষক, শিক্ষার্থীদের অংশগ্রহণের মধ্য দিয়ে অদ্য ১৬ ফেব্রুয়ারী মঙ্গলবার বরিশাল বিশ্ববিদ্যালয়ে সনাতন সম্প্রদায়ের অন্যতম ধর্মীয় উৎসব সরস্বতী পূজা উদযাপিত হয়েছে। বিদ্যাদেবীর কৃপা লাভের আশায় বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মন্দিরে স্বাস্থ্যবিধি মেনে এই পূজা অনুষ্ঠিত হয়। সকাল ১০ টায় বাণী অর্চনার মধ্য দিয়ে পূজার আনুষ্ঠানিকতা শুরু করেন সনাতন ধর্মালম্বী শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীবৃন্দ। এসময় বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. মো. ছাদেকুল আরেফিন মন্দির প্রাঙ্গণে উপস্থিত হয়ে সকলের সাথে জটচ্ছা বিনিময় করেন। এসময় উপস্থিত ছিলেন বরিশাল বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতির সভাপতি মোঃ আরিফ হোসেন, সাধারণ সম্পাদক ড. মোঃ খোরশেদ আলম, বিশ্ববিদ্যালয়ের সরস্বতী পূজা উদযাপন কমিটির আহ্বায়ক বিশ্ববিদ্যালয়ের প্রক্টর ড. সুব্রত কুমার দাস, সদস্য গণিত বিভাগের সহকারী অধ্যাপক হেনা রানী বিশ্বাস, আইন বিভাগের সহকারী অধ্যাপক সুপ্রভাত হালদার, পদার্থ বিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক সমীরন রায়, ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগের সহকারী অধ্যাপক পপি হালদারসহ অন্যান্যরা।

কর্তৃপক্ষের নিবেদিত্ব

১৯/২/২১

জনসংযোগ অফিস
বরিশাল বিশ্ববিদ্যালয়